

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫০১

১/ বিবিধ

আরবী

خيركم من لم يترك آخرته لندياه، ولا دنياه لآخرته، ولم يكن كلاً على الناس  
موضوع

أخرجه أبو بكر الأزدى في " حديثه " ( 1 / 5 ) وأبو محمد الضراب في " ذم الرياء " ( 1 / 293 ) والخطيب في " تاريخ بغداد " ( 4 / 221 ) عن نعيم بن سالم بن قنبر عن أنس بن مالك مرفوعاً.

وهذا إسناد موضوع، نعيم بن سالم أورده هكذا في " اللسان " وقال: " قال ابن القطان: " لا يعرف ".

قلت: تصحف عليه اسمه وإلا فهو معروف مشهور بالضعف متروك الحديث، وأول اسمه ياء مثناة من تحت، ثم غين ثم نون، سيأتي " . ثم قال هناك في " يغنم بن سالم " : " وقال أبو حاتم: ضعيف، وقال ابن حبان:

كان يضع على أنس، وقال ابن يونس: حدث عن أنس فكذب " .

ومن طريقه رواه الديلمي أيضاً، كما في " الحاوي " ( 2 / 202 ) للسيوطي و " فيض القدير " للمناوي. وقد روي الحديث بإسناد آخر موضوع عن أنس وهو الذي قبله

বাংলা

৫০১। তোমাদের মধ্যে সে ব্যক্তিই সর্বোত্তম যে তার দুনিয়ার স্বার্থের কারণে আখেরাতকে ছেড়ে দেয়নি এবং তার আখেরাতের কারণে দুনিয়াকে ছেড়ে দেয়নি। আর মানুষের উপর সে বোঝা হয়ে যায়নি।

হাদীছটি জাল।

এটি আবু বাকর আল-আযদী তার "হাদীছ" (১/৫) গ্রন্থে, আবু মুহাম্মাদ আয-যুরাব "যাম্মুর রিয়া" (১/২৯৩) গ্রন্থে এবং আল-খাতীব "তারীখু বাগদাদ" (৪/২২১) গ্রন্থে নোয়াইম ইবনু সালেম ইবনে কুম্বার সূত্রে আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। এ সনদটি জাল। নোয়াইম ইবনু সালেমকে হাফিয ইবনু হাজার এভাবেই "আল-লিসান" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইবনু কাত্তান বলেনঃ তাকে চেনা যায় না।

আমি আলবানী বলছিঃ তার নামে রদ-বদল করা হয়েছে। প্রকৃতপক্ষে দুর্বলতার ক্ষেত্রে তিনি প্রসিদ্ধ, মাতরুকুল হাদীছ। তার নাম ইয়াগনাম ইবনু সালেম। আবু হাতিম বলেনঃ তিনি দুর্বল। ইবনু হিব্বান বলেনঃ তিনি আনাস (রাঃ)-এর উপর হাদীছ জাল করতেন। ইবনু ইউনুস বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে হাদীছ বর্ণনা করেছেন এবং মিথ্যা বলেছেন।

তার সূত্রে হাদীছটি দাইলামীও বর্ণনা করেছেন, যেমনভাবে সুযুতীর "আল-হাবী" (২/২০২) এবং মানবীর "ফাইযুল কাদীর" গ্রন্থে এসেছে।

হাদীছটি অন্য একটি জাল সনদে আনাস (রাঃ) হতে বর্ণনা করা হয়েছে। সেটি হচ্ছে ৫০০ নম্বরে বর্ণিত হাদীছটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71380>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন